# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

মদীনায় প্রত্যাবর্তন (رجوع إلى المدينة)

তায়মাবাসী ইহূদীদের সঙ্গে সন্ধিচুক্তি সম্পাদনের পর রাসূলুল্লাহ (ছাঃ) মদীনার উদ্দেশ্যে রওয়ানা করেন। পথিমধ্যে এক স্থানে শেষ রাত্রিতে যাত্রা বিরতি করেন ও বেলালকে পাহারায় নিযুক্ত করে বলেন,اِكْلأْ لَنَا اللَّيْلَ ‘রাত্রিতে আমাদের দিকে খেয়াল রেখো (অর্থাৎ ফজরে জাগিয়ে দিয়ো)। কিন্তু বেলালের চোখেও ঘুম চেপে গেল। ফলে সকালের রোদ গায়ে লাগলেও কারু ঘুম ভাঙ্গেনি। রাসূল (ছাঃ)-ই সর্বপ্রথম ঘুম থেকে ওঠেন। অতঃপর ঐ উপত্যকা ছেড়ে কিছু দূর গিয়ে সবাইকে নিয়ে ফজর পড়েন। অতঃপর তিনি বলেন,مَنْ نَسِىَ الصَّلاَةَ فَلْيُصَلِّهَا إِذَا ذَكَرَهَا فَإِنَّ اللهَ قَالَ (أَقِمِ الصَّلاَةَ لِذِكْرِى) ‘যে ব্যক্তি ছালাত ভুলে যাবে, সে যেন স্মরণ হওয়ার পরে সেটা পড়ে। কেননা আল্লাহ বলেন, তোমরা আমার স্মরণে ছালাত কায়েম কর’ (ত্বোয়াহা ২০/১৪)।[1]

অতঃপর ৭ম হিজরীর ছফর মাসের শেষভাগে অথবা রবীউল আউয়াল মাসে আল্লাহর রাসূল (ছাঃ) মাসাধিককাল পর মদীনায় প্রত্যাবর্তন করেন।

## ফুটনোট

[1]. মুসলিম হা/৬৮০ (৩০৯); মিশকাত হা/৬৮৪; ইবনু হিশাম ২/৩৪০।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5556

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন